



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৮৩৬

তারিখ : ২৮/১২/২০২০ খ্রি.

### জরুরি বিজ্ঞপ্তি

এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি কিছুসংখ্যক প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, প্রতারক চক্র প্রতিষ্ঠানের ফোন নম্বর ব্যবহার করে বোর্ডের বিভিন্ন কর্মকর্তার নাম উল্লেখপূর্বক বিভিন্ন কাজ করে দেয়ার উদ্দেশ্যে বিকাশ, রকেট ও নগদে অর্থ পাঠানোর কথা বলছে। কোন কোন প্রতিষ্ঠান প্রধান ভুল করে প্রতারক চক্রের ফাঁদে পড়ে বিকাশ, রকেট ও নগদে টাকা পাঠিয়ে দিচ্ছেন। ধারণা করা যাচ্ছে যে, বোর্ডের বিভিন্ন অনলাইন সেবা গ্রহণের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণ বাইরের কম্পিউটার দোকান থেকে আবেদন করছেন। ফলে প্রতিষ্ঠানের ফোন নম্বরসহ অন্যান্য তথ্য প্রতারক চক্রের নিকট চলে যাচ্ছে। এমতাবস্থায় সকল প্রতিষ্ঠান প্রধানগণকে বাইরের কম্পিউটার দোকান থেকে আবেদন না করে কেবলমাত্র স্ব স্ব প্রতিষ্ঠানের কম্পিউটার ব্যবহার করে অনলাইনে কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল  
নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন নং- ০৪২১-৬৮৬৩৪

২৮/১২/২০২০

স্মারক নং-বিঅ-৬/৮৩৬

তারিখ : ২৮/১২/২০২০ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ২। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।  
(পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- ৭। সংরক্ষণ নথি।

(এস এম রফিকুল ইসলাম)

উপ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন নং- ০৪২১-৬৮৬২৭

২৮/১২/২০২০